ডিপথেরিয়া, টিটেনাস ও হুপিং কাশির টিকা

আপনার যা জানা প্রয়োজন

Many Vaccine Information Statements are available in Spanish and other languages. See www.immunize.org/vis.
টিকা সম্পর্কিত অনেক তথ্যপত্র স্প্যানিশ ও অন্যান্য ভাষায় পাওয়া যায়। দেখুন www.immunize.org/vis

1 কেন টিকা নেয়া দরকার?

ডিপথেরিয়া, টিটেনাস ও হুপিং কাশি হচ্ছে ব্যাকটেরিয়াজনিত মারাত্মক রোগ। ডিপথেরিয়া ও হুপিং কাশি এক ব্যক্তি থেকে আরেক ব্যক্তিতে ছড়ায়। কাটা বা ক্ষতস্থান দিয়ে টিটেনাস দেহে প্রবেশ করে।

ডিপথেরিয়া গলার পেছনে একটি মোটা আবরণ তৈরি করে।

- এর ফলে শ্বাসকষ্ট, পক্ষাঘাত, হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে যাওয়া, এবং এমনকি মৃত্যুও হতে পারে।

টিটেনাস (দাঁত-কপাটি)-এর কারণে যন্ত্রণাদায়কভাবে পেশি শক্ত হয়ে যায়, সাধারণত এটা সারা দেহে হয়ে থাকে।

- এর ফলে "দাঁত-কপাটি" লেগে যেতে পারে, যার ফলে রোগী তার মুখ খুলতে পারে না বা গিলতে পারে না। টিটেনাসের প্রতি ১০টি ঘটনার মধ্যে ২টি পর্যন্ত ঘটনায় মৃত্যু হয়ে থাকে।

পার্টুসিস (হুপিং কাশি) এমন খারাপভাবে কিছুক্ষণ পর পর কাশির সৃষ্টি করে যে নবজাত শিশুদের জন্য খাওয়া, পান করা, বা শ্বাস নেয়া কঠিন হয়ে দাঁড়ায়। এই কাশি কয়েক সপ্তাহ পর্যন্ত থাকতে পারে।

- এর ফলে নিউমোনিয়া, খিঁচুনি (পালাক্রমে ঝাঁকুনি ও স্থির দৃষ্টিতে তাকিয়ে থাকা), মস্তিষ্কের ক্ষতি, এবং মৃত্যু হতে পারে।

ডিপথেরিয়া, টিটেনাস ও হুপিং কাশির টিকা (DTaP) এই সব রোগগুলো প্রতিরোধে সাহায্য করতে পারে। DTaP টিকা গ্রহণকারী অধিকাংশ শিশু তাদের পুরো শৈশব জুড়ে সুরক্ষিত থাকবে। আমরা টিকা দেয়া বন্ধ করে দিলে আরো অনেক বেশি শিশু এই সব রোগে আক্রান্ত হবে।

DTaP হলো DTP নামে পরিচিত পুরাতন একটি টিকার নিরাপদ সংস্করণ। যুক্তরাষ্ট্রে এখন আর DTP ব্যবহার করা হয় না।

2 DTaP টিকা কাদের নেওয়া উচিত এবং কখন?

শিশুদের ৫ ডোজ DTaP টিকা নেয়া উচিত, নিচে উলিখিত প্রতিটি বয়সে একটি করে ডোজ নিতে হবে:

✓ ২ মাস ✓ ৪ মাস ✓ ৬ মাস
✓১৫-১৮ মাস ✓ ৪-৬ বছর

অন্যান্য টিকার সাথে একই সময়ে DTaP টিকা নেয়া যায়।

3 কিছু কিছু শিশুর DTaP টিকা নেওয়া উচিত নয় অথবা অপেক্ষা করা উচিত

- ঠান্ডা লাগার মত সামান্য অসুখে আক্রান্ত শিশুরা টিকা নিতে পারে। কিন্তু যে সব শিশু মাঝারি বা গুরুতরভাবে অসুস্থ তাদের DTaP টিকা নেয়ার আগে সুস্থ হওয়ার জন্য অপেক্ষা করা উচিত।

- যদি কোনো শিশুর এক ডোজ DTaP টিকা নেয়ার পর জীবন-সংশয়কারী অ্যালার্জি-জনিত প্রতিক্রিয়া দেখা দিয়ে থাকে, তাদের আরেকটি ডোজ নেয়া উচিত নয়।

- যদি কোনো শিশু এক ডোজ DTaP টিকা নেয়ার পর ৭ দিনের মধ্যে মস্তিষ্ক বা স্নায়ুতন্ত্রের রোগে আক্রান্ত হয়ে থাকে, তাহলে তাদের আরেকটি ডোজ নেয়া উচিত নয়।

- আপনার ডাক্তারের সাথে কথা বলুন, যদি আপনার সন্তান:
  - এক ডোজ DTaP টিকা নেয়ার পর খিঁচুনি দেখা দেয় বা পড়ে যায়,
  - এক ডোজ DTaP টিকা নেয়ার পর ৩ ঘন্টা বা আরো বেশি সময় ধরে অনবরত কাঁদতে থাকে,
  - এক ডোজ DTaP টিকা নেয়ার পর ১০৫°F এর চেয়ে বেশি জ্বর ওঠে।

আরো তথ্যের জন্য আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে বলুন। এই ধরনের শিশুদের কারো কারো আরেক ডোজ হুপিং কাশির টিকা নেয়া উচিত নয়, বরং তারা এমন একটি টিকা নিতে পারে যেটিতে হুপিং কাশির টিকা নেই, যাকে বলা হয় **DT**.

4 বেশি বয়সী শিশু ও প্রাপ্তবয়স্ক ব্যক্তি

কিশোর-কিশোরী, প্রাপ্তবয়স্ক ব্যক্তি, অথবা ৭ বছর ও তারচেয়ে বেশি বয়সী শিশুদের ক্ষেত্রে ব্যবহারের জন্য DTaP-এর লাইসেন্স নেই।

কিন্তু বয়স্ক ব্যক্তিদেরও সুরক্ষা দরকার। Tdap নামক একটি টিকা DTaP-এর অনুরূপ। ১১ থেকে ৬৪ বছর বয়সী ব্যক্তিদের জন্য একটি একক ডোজের Tdap ব্যবহারের জন্য সুপারিশ করা হয়। **Td** নামক আরেকটি টিকা টিটেনাস ও ডিপথেরিয়ার বিরুদ্ধে সুরক্ষা দেয়, কিন্তু হুপিং কাশির বিরুদ্ধে সুরক্ষা দেয় না। এটা প্রতি ১০ বছর পর পর ব্যবহারের জন্য সুপারিশ করা হয়। এই টিকাগুলোর জন্য আলাদা টিকা তথ্যপত্র আছে।

5 DTaP টিকা নেওয়ার ঝুঁকি কী কী?

DTaP টিকা নেওয়ার চেয়ে ডিপথেরিয়া, টিটেনাস, বা হুপিং কাশি রোগ হওয়া অনেক বেশি ঝুঁকিপূর্ণ।

তবে, যে কোনো ওষুধের মতো, টিকাও মারাত্মক সমস্যা সৃষ্টি করতে পারে, যেমন গুরুতর অ্যালার্জি-জনিত প্রতিক্রিয়া। DTaP টিকার দ্বারা মারাত্মক ক্ষতি, বা মৃত্যু হওয়ার ঝুঁকি, একেবারেই কম।

মৃদু সমস্যা (সাধারণত হয়ে থাকে)
- জ্বর (প্রায় প্রতি ৪টি শিশুর মধ্যে ১টি পর্যন্ত শিশুর ক্ষেত্রে)
- টিকার ইনজেকশন দেওয়ার স্থানে লাল হওয়া বা ফুলে যাওয়া (প্রায় প্রতি ৪টি শিশুর মধ্যে ১টি পর্যন্ত শিশুর ক্ষেত্রে)
- টিকার ইনজেকশন দেওয়ার স্থানে ব্যথা হওয়া বা স্পর্শকাতর হওয়া (প্রায় প্রতি ৪টি শিশুর মধ্যে ১টি পর্যন্ত শিশুর ক্ষেত্রে)

DTaP-এর প্রথম দিকের ডোজগুলোর তুলনায় ৪র্থ ও ৫ম ডোজের পরে এই সমস্যাগুলো বেশি হয়ে থাকে। কখনো কখনো DTaP-এর ৪র্থ ও ৫ম ডোজের পরে যে বাহু বা পায়ে টিকার ইনজেকশন দেয়া হয় সেটি ফুলে যায়, যা ১-৭ দিন পর্যন্ত থাকে (প্রায় প্রতি ৩০টি শিশুর মধ্যে ১টি পর্যন্ত শিশুর ক্ষেত্রে)।

অন্যান্য মৃদু সমস্যার মধ্যে রয়েছে:
- অস্থিরতা (প্রায় প্রতি ৩টি শিশুর মধ্যে ১টি পর্যন্ত শিশুর ক্ষেত্রে)
- ক্লান্তি বা ক্ষুধা কম থাকা (প্রায় প্রতি ১০টি শিশুর মধ্যে ১টি পর্যন্ত শিশুর ক্ষেত্রে)
- বমি (প্রায় প্রতি ৫০টি শিশুর মধ্যে ১টি পর্যন্ত শিশুর ক্ষেত্রে)

এই সমস্যাগুলো সাধারণত টিকা নেওয়ার ১-৩ দিনের মধ্যে হয়ে থাকে।

মাঝারি ধরনের সমস্যা (বিরল)
- খিঁচুনি (ঝাঁকুনি বা স্থিরদৃষ্টিতে তাকিয়ে থাকা) (প্রায় প্রতি ১৪,০০০ শিশুর মধ্যে ১টি শিশুর ক্ষেত্রে)
- ৩ ঘন্টা বা তারচেয়েও বেশি সময় ধরে অনবরত কাঁদতে থাকা (প্রায় প্রতি ১,০০০ শিশুর মধ্যে ১টি পর্যন্ত শিশুর ক্ষেত্রে))
- প্রবল জ্বর, 105^{o}F এর বেশি (প্রায় প্রতি ১৬,০০০ শিশুর মধ্যে ১টি শিশুর ক্ষেত্রে)

মারাত্মক সমস্যা (অত্যন্ত বিরল)
- মারাত্মক অ্যালার্জি-জনিত প্রতিক্রিয়া (এক মিলিয়ন ডোজের মধ্যে ১টিরও কম)
- DTaP টিকা গ্রহণের পরে হওয়া আরো কিছু মারাত্মক সমস্যা সম্পর্কে রিপোর্ট করা হয়েছে। এগুলোর মধ্যে রয়েছে:
  - দীর্ঘ-মেয়াদী খিঁচুনি, কোমা, বা চেতনা কমে যাওয়া
  - মস্তিষ্কের স্থায়ী ক্ষতি।

  এগুলো এতই বিরল যে এগুলো টিকার কারণে হয়েছে কিনা তা বলা কঠিন।

যে কোনো কারণে শিশুদের মধ্যে খিঁচুনি হলে তাদের জ্বর নিয়ন্ত্রণে রাখাটা বিশেষভাবে গুরুত্বপূর্ণ। আগে কখনো পরিবারের অন্য কোনো সদস্যের খিঁচুনি হলেও এই বিষয়টি গুরুত্বপূর্ণ। মোড়কের উপরে উল্লিখিত নির্দেশনা অনুসরণ করে, টিকার ইনজেকশন দেয়ার সময় এবং পরবর্তী ২৪ ঘন্টায়, আপনার সন্তানকে *অ্যাসপিরিন-মুক্ত* ব্যথা উপশমকারী ওষুধ দেয়ার মাধ্যমে আপনি জ্বর ও ব্যথা কমাতে পারেন।

6 কোনো মাঝারি বা মারাত্মক প্রতিক্রিয়া দেখা গেলে কী হবে?

আমার কোন লক্ষণের দিকে লক্ষ রাখা উচিত?

যে কোনো অস্বাভাবিক অবস্থা, যেমন মারাত্মক অ্যালার্জি-জনিত প্রতিক্রিয়া, প্রবল জ্বর বা অস্বাভাবিক আচরণ। যে কোনো টিকার ক্ষেত্রেই মারাত্মক অ্যালার্জি-জনিত প্রতিক্রিয়া অত্যন্ত বিরল। যদি তা ঘটার হয়, তাহলে সাধারণত টিকার ইনজেকশন গ্রহণের পর কয়েক মিনিট থেকে কয়েক ঘন্টার মধ্যে ঘটার সম্ভাবনা সবচেয়ে বেশি থাকে। লক্ষণগুলোর মধ্যে থাকতে পারে শ্বাস নিতে সমস্যা, স্বরভঙ্গ বা নিঃশ্বাসের সময় শনশন শব্দ হওয়া, রক্তস্ফোট, ফ্যাকাশেভাব, দুর্বলতা, দ্রুত হৃদস্পন্দন বা মাথা ঘোরানো। যদি প্রবল জ্বর বা খিঁচুনি হওয়ার থাকে, তাহলে এটা সাধারণত টিকার ইনজেকশন গ্রহণের পর এক সপ্তাহের মধ্যেই ঘটে।

আমার কী করা উচিত?
- একজন ডাক্তার **ডাকুন**, অথবা ঐ ব্যক্তিকে অবিলম্বে একজন ডাক্তারের কাছে নিয়ে যান।
- আপনার ডাক্তারকে **জানান** যে কী ঘটেছে, কবে এবং কখন ঘটেছে, এবং কখন টিকা দেওয়া হয়েছে।
- ভ্যাকসিন অ্যাডভার্স ইভেন্ট রিপোর্টিং সিস্টেম (ভিএইআরএস) ফরম পূরণ করার মাধ্যমে প্রতিক্রিয়া সম্পর্কে রিপোর্ট করার জন্য আপনার ডাক্তার, নার্স, বা স্বাস্থ্য বিভাগকে **বলুন**।

  অথবা আপনি ভিএইআরএস ওয়েবসাইট **www.vaers.hhs.gov** এর মাধ্যমে, অথবা **1-800-822-7967** নম্বরে ফোন করে এই রিপোর্ট দাখিল করতে পারেন।

  ভিএইআরএস চিকিৎসা সম্পর্কিত কোনো পরামর্শ দেয় না

7 টিকার অনিষ্টতার জন্য জাতীয় ক্ষতিপূরণ কর্মসূচি

বিরল ক্ষেত্রে, কোনো টিকার কারণে আপনার বা আপনার সন্তানের মারাত্মক প্রতিক্রিয়া হলে, যাদের ক্ষতি হয়েছে তাদের পরিচর্যার খরচ প্রদানে সাহায্য করার জন্য একটি ফেডারেল কর্মসূচি তৈরি করা হয়েছে।

টিকার অনিষ্টতার জন্য জাতীয় ক্ষতিপূরণ কর্মসূচি সম্পর্কে বিস্তারিত বিবরণের জন্য, **1-800-338-2382** নম্বরে ফোন করুন অথবা কর্মসূচির ওয়েবসাইট **www.hrsa.gov/vaccinecompensation** দেখুন।

8 আমি কীভাবে আরো জানতে পারি?

- আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে জিজ্ঞেস করুন। তারা আপনাকে টিকার প্যাকেটের ভেতরের নির্দেশাবলি দিতে পারবেন অথবা তথ্যের অন্যান্য উৎস সম্পর্কে পরামর্শ দিতে পারবেন।
- আপনার স্থানীয় বা স্টেট স্বাস্থ্য বিভাগের টিকাদান কর্মসূচিতে ফোন করুন।
- রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন, সিডিসি)-এর সাথে যোগাযোগ করুন:
  - **1-800-232-4636 (1-800-CDC-INFO)** নম্বরে ফোন করুন
  - জাতীয় টিকাদান কর্মসূচির ওয়েবসাইট **www.cdc.gov/vaccines** দেখুন।

U.S. DEPARTMENT OF HEALTH & HUMAN SERVICES
Centers for Disease Control and Prevention

Vaccine Information Statement
DTaP - Bengali (5/17/07) 42 U.S.C. § 300aa-26
Translation Provided by New York City Department of Health and Mental Hygiene